

জননিরাপত্তা (বিশেষ বিধান) (রহিতকরণ) আইন, ২০০২

২০০২ সনের ৬ নং আইন

[৩ এপ্রিল, ২০০২]

জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ রহিতকরণকল্পে প্রণীত আইন।

যেহেতু জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ (২০০০ সনের ৭নং আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন জননিরাপত্তা (বিশেষ বিধান) (রহিতকরণ) আইন, ২০০২ নামে অভিহিত হইবে।

২০০০ সনের ৭ নং আইনের রহিতকরণ

২। জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ (২০০০ সনের ৭নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

হেফাজত

৩। উক্ত আইন রহিতকরণ সত্ত্বেও-

(ক) সরকার কর্তৃক মামলা প্রত্যাহত না হইলে সংশ্লিষ্ট কোন ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত, অধিকতর তদন্ত, মামলার বিচার, আপীল এবং অন্যান্য কার্যধারা অব্যাহত থাকিবে;

(খ) উক্ত আইনের অধীন স্থাপিত সকল ট্রাইব্যুনাল, সরকার কর্তৃক সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা বিলুপ্ত না করা পর্যন্ত, বহাল থাকিবে।

—